বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ

...

সভাপতি	মোঃ তৌফিকুর রহমান তপু ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	০৬ এপ্রিল ২০২১
সভার সময়	সকাল ১০.৩০ ঘটিকা
স্থান	ভার্চ্যুয়াল প্লাটফর্ম
উপস্থিতি	সকল ডিভিশনাল ও বিভাগীয় প্রধান, প্রকল্প পরিচালক এবং ফিল্ড/স্থাপনা ইনচার্জ।

সভাপতি এপ্রিল, ২০২১ মাসে অনুষ্ঠিত কোম্পানির ৫৩তম মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভার শুরুতে তিনি দেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, পরিবারের সদস্যসহ কোম্পানির ২(দুই) জন মহাব্যবস্থাপক এর পরিবারসহ কতিপয় কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারের সদস্যগণ ইতোমধ্যে করোনায় আক্রান্ত হয়েছেন। এ পর্যায়ে, তিনি করোনা ভাইরাস মহামারীর এ সংকটকালে বিজিএফসিএল পরিবারের সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন।

আলোচনা:

সভায় গত ২৩-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৫২তম ভার্চ্যুয়াল সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

২.০। ২.১।	অপারেশন ডিভিশন: সভাকে অবহিত করা হয় যে, তিতাস-এ থেকে তিতাস-বি পর্যন্ত বিদ্যমান কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে কিছু অবৈধ স্থাপনা পরিদৃষ্ট হচ্ছে। এ পাইপলাইন এলাকায় সার্বক্ষণিক পাহারায় ওয়াচম্যান নিয়োজিত থাকা সত্ত্বেও সেখানে স্থানীয় জনসাধারণ কর্তৃক অবৈধ স্থাপনা নির্মাণ সংক্রান্ত তথ্যাদি কোম্পানি কর্তৃপক্ষকে অবহিত করার প্রয়োজন ছিল। নিরাপত্তা বিভাগকে এ সকল অবৈধ স্থাপনার বিবরণসহ ওয়াচম্যানের কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করে যথাশীঘ্র কোম্পানি কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভা আরও অবহিত হয় যে, তিতাস-বি লোকেশন এর বাউন্ডারি ওয়ালের নীচের অংশ বিভিন্ন স্থানে হেলে গেছে বিধায় সম্পূর্ণ ওয়ালটিই ক্ষতিগ্রস্ত হওয়ার আশংকা রয়েছে। ভবিষ্যতে কোম্পানির বাউন্ডারি ওয়ালের কোন অংশ নষ্ট বা ক্ষতিগ্রস্ত হলে প্রাথমিক পর্যায়ে স্বল্প ব্যয়ে তা মেরামত করা যেতে পারে অন্যথায়, নির্মাণ ব্যয় বৃদ্ধি পাবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	কোম্পানির হাইপ্রেসার পাইপলাইনের উপরস্থ/সংলগ্ন ভূমিতে স্থানীয় জনসাধারণ কর্তৃক নির্মিত অবৈধ স্থাপনা এবং ওয়াচম্যানের কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি সংগ্রহ করে যথাশীঘ্র ব্যবস্থাপনা পরিচালককে অবহিত করতে হবে। কোম্পানির বাউন্ডারি ওয়ালের কোন অংশ নষ্ট বা ক্ষতিগ্রস্ত হতে দেখা গেলে প্রাথমিক পর্যায়ে সেটিকে মেরামতের ব্যবস্থা নিতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/(প্রশাসন)/(অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (তিতাস-দঃ)/(পুরকৌশল)/ (নিরাপত্তা)
২.২।	আলোচনাকালে মহাব্যবস্থাপক (অপারেশন) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কেপিআই প্রতিষ্ঠান হিসেবে বিজিএফসিএল-এর নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখার জন্য বর্তমানে মন্ত্রণালয় ও পেট্রোবাংলার বিশেষ তাগিদ রয়েছে। এ প্রেক্ষাপটে, কোম্পানির বিভিন্ন স্থাপনা, বাউন্ডারি ওয়াল এবং তৎসংলগ্ন এলাকা নিয়মিত পরিদর্শন করাসহ এতদ্বিষয়ে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করা প্রয়োজন বলে প্রতীয়মান।	কোম্পানির সকল ফিল্ড/স্থাপনার বাউন্ডারি ওয়াল এবং তৎসংলগ্ন এলাকা নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করে এতদ্সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক/ফিল্ড ইনচার্জ কর্তৃক মহাব্যবস্থাপক (অপারেশন) বরাবর উপস্থাপন করতে হবে। পাশাপাশি, নিরাপত্তা বিভাগ কর্তৃক পৃথকভাবে কোম্পানির ফিল্ড/ স্থাপনার বাউন্ডারি ওয়াল এবং তৎসংলগ্ন এলাকা নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করে এতদ্সংক্রান্ত তথ্য কোম্পানির নিরাপত্তা বিষয়ক কমিটির মাসিক সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া, কোম্পানির নিরাপত্তা বিষয়ক কমিটিকে প্রতিমাসে সভা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/(অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) ও ফিল্ডসমূহেরউপ-মহাব্যবস্থাপক/ ইনচার্জ

২.২।	নরসিংদী ফিল্ড : সভাকে অবহিত হয় যে, নরসিংদী ফিল্ডের লোকেশনে-বি তে প্রকল্প চলাকালীন সময়ে নির্মিত টিনশেড ঘরসমূহকে কর্মচারীদের একক আবাসন হিসেবে ব্যবহারের বিষয়ে কর্তৃপক্ষীয় অনুমোদনের জন্য নথি উত্থাপন করা হয়েছে। এ ব্যবস্থা গ্রহণ করা গেলে পুরাতন টিনশেড আবাসনসমূহ খালি করা সম্ভব হবে বলে প্রতীয়মান।	নরসিংদী ফিল্ডের লোকেশনে-বি তে প্রকল্প চলাকালীন সময়ে নির্মিত টিনশেড ঘরসমূহকে কর্মচারীদের একক আবাসন হিসেবে ব্যবহারের বিষয়ে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ আলোচনাক্রমে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করবেন।	মহাব্যবস্থাপক (পিডি)/(প্রশাসন)/ (অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (নরসিংদী)
৩.০।	পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :		
৩.১।	সভাকে অবহিত করা হয় যে, পূর্ববর্তী সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে এবং সায়েন্স ল্যাবরেটরি প্রদত্ত Tru অয়েলের কেমিক্যাল রিপোর্ট পর্যালোচনা করে বাখরাবাদ ফিল্ডের লোকেশন-বি এর পন্ডের সংস্কার কাজে Tru অয়েলসমূহ ব্যবহার করা হয়েছে। স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের রেকর্ড সংরক্ষণের জন্য এতদ্‌সংক্রান্ত ডিএন যথাশীঘ্র প্রেরণ করা হবে। উপ-মহাব্যবস্থাপক (ইএস) সভাকে অবহিত করেন যে, তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের কাজ চলছে। আলোচনাকালে মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন) ETP স্থাপনের অধিকাংশ কার্যক্রম পুরকৌশল সংশ্লিষ্ট বিধায় টেন্ডার ডকুমেন্ট প্রণয়নে কোম্পানির পুরকৌশল বিভাগকে সম্পৃক্ত করার জন্য পরামর্শ প্রদান করেন।	তিতাস-জি লোকেশনে ETP স্থাপনের লক্ষ্যে ইএস বিভাগ এবং পুরকৌশল বিভাগ আগামী ১৫ দিনের মধ্যে যৌথভাবে টেন্ডার ডকুমেন্ট প্রণয়ন করে কর্তৃপক্ষীয় অনুমোদন গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (টিএস)/(পিডি)/ (প্রশাসন)/ (অপারেশন) এবং উপ-মহাব্যবস্থাপক (ইএস)/(সিভিল)/ (নিরাপত্তা)
৪.০।	রক্ষণাবেক্ষণ ডিভিশন :		
৪.১।	সভায় অবহিত করা হয় যে, নরসিংদী ফিল্ডের জন্য সদ্য সংগৃহীত স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটির বাস্তব ফলপ্রসূতা পর্যালোচনা করে পরবর্তীতে হবিগঞ্জ ও মেঘনা ফিল্ডে এরূপ সফটওয়্যার ব্যবহারের পরিকল্পনা রয়েছে। এ লক্ষ্যে কোম্পানির চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে এতদ্‌সংক্রান্ত ব্যয়ের সংস্থান রাখার জন্য প্রস্তাব করা হয়েছে।	হবিগঞ্জ ও মেঘনা ফিল্ডের জন্য স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যার সংগ্রহের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ (অপারেশন) ও উপ-মহাব্যবস্থাপক (হবিগঞ্জ)/(মেঘনা)

৪.২।	সভাকে এ মর্মে অবহিত করা হয় যে, করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে কোম্পানির স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যারটিতে বারকোড বা কিউআর কোড এবং অনলাইন অপারেটিং সুবিধা সংযোজন করে আপগ্রেডেশনের জন্য সংশ্লিষ্ট আইটি এক্সপার্ট সরেজমিনে উপস্থিত হয়ে পর্যবেক্ষণ ও মতামত পেশ করবেন।	সংশ্লিষ্ট সফটওয়্যার ডেভেলপার এর পর্যবেক্ষণ ও মতামত পাওয়ার পর স্টোর এন্ড ইনভেন্টরি কন্ট্রোল বিভাগের স্টক ম্যানেজমেন্ট সফটওয়্যার আপগ্রেডেশনের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ) ও উপ-মহাব্যবস্থাপক (এসটিআইসি)
৫.০।	প্রশাসন ডিভিশন:		
৫.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির সাংগঠনিক কাঠামো পুনর্বিন্যাসের সাথে TOE সংশোধনের বিষয়টি বোর্ডের বিবেচনা ও অনুমোদনের ব্যবস্থা নেয়া হচ্ছে। তবে, বর্তমানকালে কম্পিউটারের ব্যবহার বহুলাংশে বৃদ্ধি পাওয়ায় TOE-এর কম্পিউটার সংক্রান্ত আলাদা সংশোধনী প্রস্তাব পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করা যেতে পারে।	আলোচ্য সংশোধনীর বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৫.২।	মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার কমডেমনেশন কমিটি গঠন সংক্রান্ত নিয়ম-নীতি/পদ্ধতি অনুসরণে কোম্পানির কনডেমনেশন কমিটি পুনর্গঠন প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। বিষয়টি সদয় অবগতি ও অনুমোদনের জন্য পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	কোম্পানির কনডেমনেশন কমিটি পুনর্গঠন প্রস্তাব পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হলো।	মহাব্যবস্থাপক (প্রশাসন)

৫.3।	মন্ত্রণালয় ও পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণে মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানমালা নিয়ে সভায় আলোচনা হয়। কোম্পানির গঠিত মনিটরিং টিম কর্তৃক কর্তৃপক্ষের দিক নির্দেশনা মোতাবেক ১৭-২৬ মার্চ সময়কালে আলোকসজ্জা, ড্রপডাউন, রঙ্গিন ফ্ল্যাগ, ব্যানার-ফেস্টুন দ্বারা সুসজ্জিতকরণ, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম, এতিমখানায় শিশুদের ভোজের ব্যবস্থা, কোম্পানির সকল ফিল্ড/ স্থাপনার মসজিদসমূহে বিশেষ মোনাজাত, বই বিতরণ, থিম সং, ভাষণ, ভিডিও ডকুমেন্টারি, চলচ্চিত্র প্রভৃতি প্রচার, জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বঙ্গবন্ধু চত্বর ও স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ, 'স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ' শ্লোগানে আয়োজিত অনুপ্রেরণামূলক অনুষ্ঠানে স্টল গ্রহণ ও র‍্যালিতে অংশগ্রহণ, ১৭ মার্চ ও ২৬ মার্চ জাঁকযমকপূর্ণ আতশবাজি প্রভৃতি অনুষ্ঠানমালা সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করা হয়।	মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালা সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করায় কোম্পানির সকল কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট অন্যান্য সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আগামী ১৬ ডিসেম্বর পর্যন্ত মুজিববর্ষ সময়কালে সকল জাতীয় দিবস ও অনুষ্ঠান মন্ত্রণালয় এবং পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণে যথাযথ মর্যাদায় উদযাপন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
5.4।	সভাকে অবহিত করা হয় যে, সবুজায়নের মাধ্যমে প্রধান কার্যালয় ভবনের সৌন্দর্য বৃদ্ধিকল্পে প্রধান কার্যালয়ের ২য় তলায় সবুজ লতা-গুল্ম, গাছ-গাছালির চারা রোপণ করা হয়েছে। লতা-পাতা বৃদ্ধি পেয়ে পূর্ণতা প্রাপ্ত হলে সে সময়ের অবস্থা পর্যালোচনা করে সবুজায়নের পরবর্তী বর্ধিতকরণ কার্যক্রম গ্রহণ করা হবে।	সবুজায়নের মাধ্যমে প্রধান কার্যালয় ভবনের সৌন্দর্য বৃদ্ধির কার্যক্রম যথাশীঘ্র সম্পন্ন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)
৫.৫।	মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, কোম্পানির সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর সার্ভিস রেকর্ড ডিজিটাল ডাটাবেজ আকারে সংরক্ষণের জন্য সফটওয়্যার সংগ্রহ করা হয়েছে। চলতি মাসে প্রাথমিক ডাটা এন্ট্রি এবং এর বাস্তব ফলপ্রসূতা যাচাই করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।	কোম্পানির সকল স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর সার্ভিস রেকর্ড ডিজিটাল ডাটাবেজ আকারে সংরক্ষণের নিমিত্ত যথাশীঘ্র সম্ভব সফটওয়্যার ব্যবহারের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)

৫.৬।	মেডিক্যাল বিভাগ : সভাকে অবহিত করা হয় যে, দেশে করোনা পরিস্থিতির অবনতি হওয়ার পাশাপাশি কোম্পানির কর্মকর্তা, কর্মচারী ও পরিবারের সদস্যগণেরও করোনা আক্রান্তের হার বাড়ছে বলে প্রতীয়মান হচ্ছে। এ অবস্থায় ইমার্জেন্সি পরিস্থিতি সামাল দেয়ার জন্য পদক্ষেপ গ্রহণ প্রয়োজন। সভায় স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলা, মাস্ক ব্যবহার করা, সাবধানতা অবলম্বন করা প্রভৃতি কার্যক্রমের পাশাপাশি অন্যান্য করণীয় বিষয়ে ব্যাপক মতবিনিময় হয়।	• কোম্পানির ফিল্ড/স্থাপনার এমআইরুমে বিদ্যমান অক্সিজেন সিলিন্ডারসমূহ পূর্ণ রাখতে হবে; • জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী কোম্পানির চিকিৎসকের সাথে যোগাযোগ রাখবেন। • ফিল্ড/স্থাপনা সংলগ্ন জেলা/ থানা/ উপজেলা স্বাস্থ্য সেবা কেন্দ্রের প্রধান/ সিভিল সার্জন মহোদয়ের সাথে সরাসরি যোগাযোগ করে তাঁর পরামর্শ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; • জরুরি রোগি পরিবহনের ব্যবস্থা রাখতে হবে; • কোম্পানিকে সেবা প্রদানকারী ঢাকাস্থ হাসপাতালসমূহের সাথে নিবিড় যোগাযোগ স্থাপন করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ কোম্পানির সকল মেডিক্যাল অফিসার
৫.৭।	সভায় ড্রাগ এডিকশন প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে তাঁর জিরো টলারেন্স অবস্থানের কথা পুনর্ব্যক্ত করেন। কোম্পানির ফিল্ড/স্থাপনার মেডিক্যাল রুমে ডোপ টেস্ট এর ব্যবস্থা রয়েছে এবং সকল ফিল্ড/ স্থাপনায় এ বিষয়ে গঠিত কমিটিসমূহ সক্রিয় রয়েছে উল্লেখ করে কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীগণকে সচেতনতা ও সাবধানতা অবলম্বনের জন্য সভায় আহ্বান জানানো হয়।	ড্রাগ এডিকশন প্রতিরোধের জন্য এ বিষয়ে গঠিত কমিটিসমূহকে অধিকতর তৎপর হতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ডোপ টেস্ট এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার এবং সংশ্লিষ্ট কমিটি [ক্রঃনং ৫.৪, তারিখ ১৮-১১-১৯, ৪২তম সমন্বয় সভায় গঠিত কমিটি]
৫.৮।	মানবসম্পদ বিভাগ: সভাকে অবহিত করা হয় যে, কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের বিষয়ে বুয়েট এবং আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ করা হচ্ছে। কর্মচারী নিয়োগের বিষয়টি কোম্পানির পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করা হয়েছে। সভায় কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি অনুমোদনসহ নিয়োগ প্রক্রিয়া শুরু করার অনুমতি প্রদান করা হয়।	কোম্পানির পরিচালনা পর্ষদের নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস পরিস্থিতি বিবেচনায় রেখে কর্মকর্তা নিয়োগের লিখিত পরীক্ষার আয়োজন করতে হবে এবং কর্মচারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক (প্রশাসন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচআর)
৬.০।	আর্থিক ও হিসাব কার্যক্রম :		

৬.১।	সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অপারেশনাল ব্যয় বিশেষ করে অধিকাল ভাতা, মুদ্রণ ও মনোহারী, যাতায়াত খরচ, আপ্যায়ন ব্যয়, যানবাহন ভাড়া ও মেরামত ব্যয়, পিওএল (জ্বালানি ব্যয়), টিএ/ডিএ ইত্যাদি খাতের ব্যয় সংকোচন ও বাজেট সীমার মধ্যে নিয়ন্ত্রণ ও পরিচালনের জন্য সকলকে আরও সচেষ্ট হতে হবে। করোনা পরিস্থিতিতে টিএ/ডিএ খাতে ব্যয় ৫০% এর মধ্যে সীমাবদ্ধ রাখার বিষয়ে সরকারি সিদ্ধান্ত ও পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় নিয়ন্ত্রণ ও পরিচালনে সচেষ্ট হতে হবে। করোনা পরিস্থিতিতে টিএ/ডিএ খাতে ব্যয় ৫০% এর মধ্যে সীমাবদ্ধ রাখার বিষয়ে সরকারি সিদ্ধান্ত ও পেট্রোবাংলার নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৬.২।	মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কোম্পানির বিভিন্ন ডিভিশন/ বিভাগ/শাখার প্রস্তুতকৃত নগদ পরিশোধ ভাউচার-এ প্রায়শই সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পদবী এবং হিসাব নম্বর ও হিসাব কোড এর উল্লেখ থাকে না। এর ফলে হিসাব সংরক্ষণসহ বিভিন্ন ধরণের হিসাব প্রতিবেদনের তথ্য শতভাগ সঠিক না হওয়ার অবকাশ থাকে।	কোম্পানির বিভিন্ন ডিভিশন/ বিভাগ/শাখার প্রস্তুতকৃত নগদ পরিশোধ ভাউচার-এ সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পরিচিতি এবং হিসাব নম্বর ও হিসাব কোড এর উল্লেখ থাকতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ
৭.০। ৭.১।	কোম্পানি সচিবালয় : ২০২০-২০২১ অর্থবছরের জন্য অনুমোদিত APA এর কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে কোম্পানি সচেষ্ট আছে। APA এর ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে কোম্পানি সমর্থ হবে বলে আশা করা যাচ্ছে।	APA এর ২০২০-২০২১ অর্থবছরের লক্ষ্যমাত্রার শতভাগ (১০০%) অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।	সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কমিটি
৭.২।	সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এ আয়োজিতব্য ই-নথির আপগ্রেড ভার্সনের উপর প্রশিক্ষণটি দেশের করোনা পরিস্থিতির কারণে আয়োজন করা সম্ভব হয়নি।	দেশের করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ই-নথির আপগ্রেডেড ভার্সনের উপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সকল মহাব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/ প্রকল্প পরিচালক
৭.৩।	সভাকে অবহিত করা হয় যে, রাষ্ট্রীয় আইসিটি বিভাগ কর্তৃক একসেবা কার্যক্রম আপাততঃ স্থগিত আছে। তবে, পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে যোগাযোগ অব্যাহত আছে।	একসেবা কার্যক্রমে বিজিএফসিএল-কে সম্পৃক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ সংশ্লিষ্ট কমিটি

এ পর্যায়ে, ব্যবস্থাপনা পরিচালক গত ২৭.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত ২৯তম সমন্বয় সভার সিদ্ধান্ত নং ১০.১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে কর্মকর্তাগণের প্রতি পুনরায় নিম্নোক্ত দিক-নির্দেশনা প্রদান করেন :

‘নথি উপস্থাপনের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের অনুমোদনের সুপারিশ কেবলমাত্র ডিভিশনাল/বিভাগীয় প্রধানগণ করবেন এবং অন্যান্য

কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ/কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত নথি অগ্রগামী করবেন'

পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক দেশের করোনা পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলার কথা পুনর্ব্যক্ত করেন। দেশ করোনা মহামারীর সংকটকাল থেকে উত্তরণে সক্ষম হবে - এ আশাবাদ ব্যক্ত করে সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
২৩ চৈত্র ১৪২৭
০৬ এপ্রিল ২০২১

মোঃ তৌফিকুর রহমান তপু
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.৮৭৬.৪২.০০১.২১.৭২

তারিখ: ২০ বৈশাখ ১৪২৮
০৩ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ ফিল্ড ইনচার্জ
২) ব্যবস্থাপক, এস্টেট বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

এ.টি.এম. শাহ আলম
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)